



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

[www.rhdc.gov.bd](http://www.rhdc.gov.bd), Email: [cht.rhdc.yahoo.com](mailto:cht.rhdc.yahoo.com)



নং-২৯.৩৪.৮৪০০.২০৭.৩৯.০১০.২৩-

তারিখ: ০৯/০৪/২০২৪খ্রি

## শিক্ষা উপবৃত্তি বিজ্ঞপ্তি

রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে ২০২৩-২০২৪ অর্থ বছরের 'শিক্ষাবৃত্তি-২০২৪ প্রদানের লক্ষ্যে কলেজ/বিশ্ববিদ্যালয় ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের উচ্চ মাধ্যমিক/সমমান, স্নাতক/সমমান ও স্নাতকোত্তর/সমমান পর্যায়ে অধ্যয়নরত রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ীভাবে বসবাসকারী ছাত্র-ছাত্রীদের নিকট হতে 'শুধুমাত্র অনলাইনে' শিক্ষাবৃত্তির জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে। রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইট [www.rhdc.gov.bd](http://www.rhdc.gov.bd) তে আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক নিম্নোক্ত সনদসমূহের মূলকপি স্ক্যান করে নির্ধারিত সাইজে আপলোড করে আবেদন সম্পন্ন করতে হবে।

### শর্তাবলী:

- ১। স্থায়ী বাসিন্দার সনদপত্র জেলা প্রশাসক/সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত;
- ২। উপজেলা চেয়ারম্যান/পৌর মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত পিতা/আইনানুগ অভিভাবকের বাৎসরিক আয়ের হালসনদ, পিতা/আইনানুগ অভিভাবক চাকুরিজীবী হলে চাকুরিরত প্রতিষ্ঠানের যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত বাৎসরিক আয়ের সনদ;
- ৩। শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের স্বপক্ষে প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের হালসনদ প্রত্যয়ন পত্র;
- ৪। সকল শিক্ষাগত যোগ্যতা সনদপত্র;
- ৫। আবেদনকারীর সকল সনদপত্র Size (প্রস্থ=৭৫০x দৈর্ঘ্য ১০০০) পিজ্জেল হতে হবে;
- ৬। আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রংগিন ছবি ০১ (এক) কপি Size (প্রস্থ=৩০০x দৈর্ঘ্য=৩০০) পিজ্জেল এবং স্বাক্ষর Size (প্রস্থ= ১৫০x দৈর্ঘ্য=৮০) পিজ্জেল হতে হবে।
- ৭। ক্রমিকের ০১ হতে ০৫ পর্যন্ত পিডিএফ (PDF) আকারে স্কেন করে আপলোড করতে এবং ক্রমিক নং-৬ ডকুমেন্ট জিপিইজি (JPEG) আকারে আপলোড করতে হবে;
- ৮। আবেদন করার ক্ষেত্রে দাখিলকৃত মোবাইল নম্বরটি অবশ্যই রকেট (Rocket) হতে হবে। একাধিক মোবাইল নম্বর গ্রহণ যোগ্য নয়।
- ৯। আবেদনের সময়সীমা আগামী ১৫/০৪/২০২৪খ্রি. হতে ১৬/০৬/২০২৪খ্রি. রাত ১২.০০ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।
- ১০। আবেদনকারীর সনদপত্রে কোন প্রকার অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট আবেদনকারীর আবেদন বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১১। অনলাইন ব্যতিত সরাসরি বা ডাকযোগে শিক্ষাবৃত্তির আবেদন গ্রহণ করা হবে না।

**বিশেষ দৃষ্টব্যঃ** কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তির অংশবিশেষ পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন করার এবং বৃত্তির জন্য প্রার্থী বাছাইয়ে পরিষদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(অংসুই প্রু চৌধুরী)

চেয়ারম্যান

রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

ফোন: ০২-৩৩৩৩৭১৬২৭৯ (অফিস)

### অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
- ৩। ভাইস চ্যাম্পেলর, রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ভেদভেদী, রাঙ্গামাটি।
- ৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
- ৫। জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৬। পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৭। জনাব.....সদস্য (সকল), এ পরিষদ।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, সদর/নানিয়ারচর/বরকল/বিলাইছড়ি/বাঘাইছড়ি/লংগদু/কাউখালী/কাপ্তাই/রাজস্থলী/জুরাছড়ি রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৯। মেয়র, রাঙ্গামাটি পৌরসভা, রাঙ্গামাটি।
- ১০। অধ্যক্ষ ..... রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ১১। জেলা তথ্য কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা। [বহল প্রচারের জন্য আপনাকে অনুরোধ করা হলো]
- ১২। জনাব .....( কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
- ১৩। নোটিশ বোর্ড/রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।

### কার্যার্থেঃ

- ১। সম্পাদক ..... রাঙ্গামাটি। বিজ্ঞপ্তিটি আগামী ১৩/০৪/২০২৪খ্রি. এর মধ্যে ১ বার (৩ কলাম ৫ ইঞ্চি সাইজের) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

(মোহা: আশরাফুল ইসলাম)

মুখ্য নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)

রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

ফোন: ০৩৫১-৬৩২৬৫ (অফিস)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়  
রাজামাটি পার্বত্য জেলা

[www.rhdc.gov.bd](http://www.rhdc.gov.bd), Email: [cht.rhdc.yahoo.com](mailto:cht.rhdc.yahoo.com)

